

30 MAR 1987

তাৰিখ ... ... ...  
পৃষ্ঠা ... ... ... কলম...। ...



## জেলা পরিক্রমা

### কালকিনি

মাদারীপুর, ১৯ মার্চ (সংবাদদাতা) —  
মাদারীপুর জেলা সদর থেকে ১৪ মাইল  
দক্ষিণে, অবস্থিত কালকিনি উপজেলা।  
অয়তন ১১০ বর্গমাইল। লোকসংখ্যা ২  
লাখ ৩৪ হাজার ৮৯৬ জন। থানা থেকে  
উপজেলায় উমীড় হলেও এ উপজেলায়  
বিদ্যুৎ, যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য,  
হাট-বাজার প্রভৃতি ক্ষেত্রে তেমন কোন  
উন্নতি হয়নি।

#### শিক্ষা

এ উপজেলায় ৩টি কলেজ আছে।  
তথ্যাদেশ কালকিনি, কলেজের অবস্থা  
করণ। এ কলেজটি প্রতিষ্ঠাকাল থেকেই  
বিভিন্ন সমস্যায় জর্জরিত। কলেজটিতে  
শিক্ষকের অভাব। এ উপজেলায় ২৯টি  
মাধ্যমিক বিদ্যালয়, ৮টি জুনিয়র বিদ্যালয়,  
১১৩টি প্রাথমিক বিদ্যালয় ও ৬৪টি  
মাদ্রাসা আছে। এ সব স্কুল ও  
মাদ্রাসাগুলো বিভিন্ন সমস্যায় জর্জরিত।  
স্বাস্থ্য

উপজেলায় ১টি স্বাস্থ্যকেন্দ্র ও ৭টি  
পরিবার পরিকল্পনা ও মাতৃমঙ্গল কেন্দ্র  
আছে। উপজেলা স্বাস্থ্যকেন্দ্রটি নামেমাত্র।  
আধুনিক চিকিৎসা দেয়ার জন্য কোন  
যন্ত্রপাতি নেই। পানি ও ওষুধের অভাব।  
প্রয়োজনের তুলানায় বেড় সংখ্যা কম।  
জীবনব্রক্ষাকারী ওষুধ একেবারেই নেই।  
তাই গরীব যোগীদেরকে বাজার থেকে  
ওষুধ কিনতে হয়।

#### যোগাযোগ

যোগাযোগ ব্যবস্থা এ উপজেলায় খুব  
খারাপ। ১৮০ মাইল রাস্তার মধ্যে মাত্র ৮  
মাইল রাস্তা পাকা। বাকী ১৭২ মাইল  
রাস্তা কীট। উপজেলা সদরের সাথে  
১৫টি ইউনিয়নের যোগাযোগ ব্যবস্থা  
অস্তিত্ব থারাপ।

#### কৃষি

এ উপজেলা কৃষির দিক দিয়ে পক্ষাদপন  
বিদ্যুতের অভাবে কৃষককুল সেচকার  
থেকে বঞ্চিত। ৫০ হাজার ৫শ' একর  
জমি আবাদী ও ১৭ হাজার ৮শ' একর  
জমি অনাবাদী। বেশীরভাগ কৃষকই  
গরীব। ফলে মওসুমের সময় প্রয়োজনীয়  
বীজ ও সার সংগ্রহ করতে না পারায়  
প্রতিবছরই উৎপাদন হ্রাস পাচ্ছে। সেচের  
জন্য ২৬২টি শক্তিচালিত নলকূপ, ১৩টি  
অগভীর নলকূপ রয়েছে। মওসুমের  
অধিকাংশ সময় নলকূপ বন্ধ থাকে।

#### হাট-বাজার

উপজেলায় হাট-বাজারের সংখ্যা ৩১টি।  
উপজেলায় হাটগুলোর অবস্থা করণ।  
হাটের ছাউনী নেই। বর্ধা আসলে  
লোকজন ভিজে একাকার হয়ে  
হাট-বাজার করে। হাটে যাতায়াতের  
রাস্তাগুলোও খারাপ।